# নাটোর জেলার আইনশৃঙ্খলা কমিটির এপ্রিল, ২০২১ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ মোঃ শাহরিয়াজ পিএএ, জেলা ম্যাজিস্ট্রেট, নাটোর।

স্থানঃ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।

তারিখঃ ১১ এপ্রিল ২০২১ খ্রি.।

সময়ঃ সকাল ১১.০০ টা ।

জুম কানেকশনের মাধ্যমে সভা অনুষ্ঠিত ।

সভার শুরুতে সভাপতি নাটোর জেলার আইনশৃঙ্খলা কমিটির এপ্রিল/২০২১ মাসের সভায় জুম কানেকশনে যুক্ত সম্মানিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। আলোচনার শুরুতে সভাপতি কোভিড-১৯ পরিস্থিতি, পবিত্র রমজান উপলক্ষ্যে নিত্য দ্রব্যের মূল্য স্বাভাবিক রাখাসহ জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সর্বত্র সন্তোষজনক পর্যায়ে রাখা এবং মাদক বিরোধী অভিযানের গুরুত্ব বিষয়ে আলোকপাত করেন। সার্বিক আইনশৃঙ্খলা বিষয়ে উন্মুক্ত আলোচনার জন্য তিনি সকলকে আহবান জানান। এরপর কমিটির সদস্য সচিব অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নাটোর গত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পাঠ করেন। কোন সংশোধনী না থাকায় মার্চ/২০২১ মাসের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয় । অতঃপর নাটোর জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

| ক্র.ন. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | মার্চ/২০২১ মাসের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি এবং সংঘটিত অপরাধ চিত্রের তুলনামূলক বিবরণী পর্যালোচনা | পুলিশ বিভাগের মার্চ/২০২১ মাসের প্রতিবেদন অনুযায়ী দেখা যায় দস্যুতা ১টি, হত্যা ৩টি, ধর্ষণ ৪টি, নারী নির্যাতন আইন (অন্যান্য) ৬টি, শিশু নির্যাতন ৪টি, সিঁধেল চুরি ১টি, গরু চুরি ২টি, গাড়ি চুরি ১টি, অন্যান্য চুরি ৪টি, মাদকদ্রব্য আইন ১৭২টি, অন্যান্য আইন ৫৮টি, মোট ২৫৭টি মামলা দায়ের হয়েছে। মার্চ/২১, ফেব্রুয়ারি/২১ এবং মার্চ/২০ মাসের তুলনামূলক অপরাধ বিবরণী পর্যালোচনায় দেখা যায় মার্চ/২১ মাসে অপরাধের সংখ্যা ২৫৭ টি, যা গত বছরের সংশ্লিষ্ট মাসের তুলনায় (২৫৭-৩১০)= ৫৩ টি মামলা কম এবং গত মাসের তুলনায় (২৫৭-২৬৩)=৬ টি অপরাধ কম। বিষয়টি নিয়ে আলোচনা করা হয়। | আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | পুলিশ সুপার, নাটোর ও অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারী সংস্থা। |
| ২. | খুন, ধর্ষণ, ছিনতাই, নারী ও শিশু নির্যাতন ইত্যাদি জঘন্য প্রকৃতির অপরাধ সমূহ নিয়ন্ত্রণকল্পে কার্যকরী কর্মসূচি বাস্তবায়ন | পুলিশ সুপার, নাটোরের প্রতিনিধি জেলায় মার্চ/২১ মাসে সংঘটিত গুরুত্বপূর্ণ মামলাসমূহের তদন্তের অগ্রগতি এবং বর্তমান পরিস্থিতি সম্পর্কে সভায় বিস্তারিত আলোকপাত করেন। তিনি জানান বিবেচ্য মাসে নাটোর জেলায় নারী ও শিশু নির্যাতন আইনে মোট ৪টি ও ধর্ষণ ৪টি, অন্যান্য ৬টি মোট ১৪টি মামলা দায়ের হয়েছে। অতঃপর আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয়। | ধর্ষণ, নারী ও শিশু নির্যাতন ইত্যাদি জঘন্য প্রকৃতির ঘটনা রোধকল্পে কার্যকরী পদক্ষেপ গ্রহণসহ সংশ্লিষ্ট সকলকে সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করতে হবে। | পুলিশ সুপার, নাটোর এবং সংশ্লিষ্ট সকল। |
| ৩ | অপরাধ ও অপরাধীদের নিয়ন্ত্রণে রাখার জন্য জনগণকে উদ্বুদ্ধকরণ | সভাপতি বাল্য বিবাহ, যৌন হয়রানি, নারী ও শিশু নির্যাতন এবং যৌতুক এর বিরুদ্ধে গণসচেতনতা বৃদ্ধি করার জন্য তৃণমূল পর্যায়ে জনপ্রতিনিধি, মসজিদের ইমাম, সমাজসেবক জেলা ও উপজেলা পর্যায়ে নারী সংগঠন এবং জনসাধারণসহ সংশ্লিষ্ট সকলের ভূমিকা নিয়ে আলোচনা করা হয়। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর জানান মার্চ/২১ মাসে গুরুদাসপুর উপজেলায় ৩টি এবং লালপুর উপজেলায় ১টি মোট ৪টি বাল্য বিবাহ বন্ধ করা হয়েছে। | যৌতুক, যৌন হয়রানি, বাল্য বিবাহ ও নারী নির্যাতন রোধে সামাজিক সচেতনতা বৃদ্ধি করতে হবে এবং বাল্য বিবাহ নিরোধে উঠান বৈঠক কার্যক্রম জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নাটোর মনিটরিং করবেন । | পুলিশ সুপার, নাটোর। উপজেলা নির্বাহী অফিসার (সকল), জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, নাটোর ,জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নাটোর এবংসকল জনপ্রতিনিধি। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | অপরাধ দমনে আইন প্রয়োগকারী সংস্থাসমূহের সমন্বিত পদক্ষেপ গ্রহণ | কোভিড-১৯ সংক্রমণের কারণে মার্চ/২১ মাসে টাস্কফোর্সের অভিযান পরিচালিত হয়নি। | নাটোর জেলাকে মাদক এবং সন্ত্রাসমুক্ত করতে গোয়েন্দা তৎপরতা বৃদ্ধিসহ বিশেষ অভিযান পরিচালনা করতে হবে। | পুলিশ সুপার, নাটোর, উপপরিচালক, এন এস আই, নাটোর এবংসহকারী পরিচালক,মা.দ্র.নি.অ. নাটোর। |
| ৫. | উপজেলা ও ইউনিয়ন আইনশৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠান প্রসঙ্গে | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে আইনশৃঙ্খলা কমিটির নিয়মিত সভা করার উপর গুরুত্বারোপ করা হয়। আইনশৃঙ্খলা স্বাভাবিক রাখার স্বার্থে প্রতিটি পৌরসভা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে সন্ত্রাস, নাশকতা ও জঙ্গিবাদ বিরোধী কমিটির নিয়মিতভাবে সভা অনুষ্ঠান নিশ্চিত করাসহ আবশ্যিকভাবে সভার কার্যবিবরণী প্রেরণ বিষয়ে আলোচনা হয়। | প্রতিটি পৌরসভা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে নিয়মিত আইনশৃঙ্খলা কমিটির সভাসহ সন্ত্রাস, নাশকতা ও জঙ্গিবাদ বিরোধী কমিটির নিয়মিত ভাবে সভা নিশ্চিত করত আবশ্যিকভাবে সভার কার্যবিবরণী প্রেরণ করতে হবে। | উপপরিচালক, স্থানীয় সরকার, নাটোর/ এবং উপজেলা নির্বাহী অফিসার (সকল) নাটোর। |
| ৬. | মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত | সদস্য সচিব বলেন, মোবাইল কোর্ট আইন, ২০০৯ এর আওতায় নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রয়েছে। মার্চ/২১ মাসে নাটোর জেলায় মোবাইল কোর্টের মাধ্যমে মোট ৮১ টি অভিযান পরিচালনা করে ২২৫টি মামলায় ২৪৬ জনের নিকট ২০,১৯,১০০/- টাকা জরিমানা আদায় এবং ১৭ জনকে বিভিন্ন মেয়াদে কারাদন্ড প্রদান করা হয়েছে। | আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে অগ্রাধিকার ভিত্তিতে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নাটোর/উপজেলা নির্বাহী অফিসার (সকল), নাটোর। |
| ৭ | গ্রাম আদালতসমূহে দায়েরকৃত মামলা সংক্রান্ত | সদস্য সচিব বলেন, নাটোর জেলায় ৫২টি গ্রাম আদালত পরিচালনা হচ্ছে। মার্চ/২১ মাসে গ্রাম আদালতে মোট মামলার সংখ্যা ৪৯১টি তম্মধ্যে ১২০টি নিষ্পত্তি হয়েছে। বর্তমানে ৩৭১টি মামলা পেন্ডিং আছে। | গ্রাম আদালতকে কার্যকর করতে আদালতসমূহ মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), নাটোর। |
| ৮. | বিবিধ:<br>**সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি ( মাদক, করোনা ও বিবিধ)** | ১) সাধারন সম্পাদক, ইউনাইটেড প্রেসক্লাব, নাটোর জানান মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, এর সোর্সদের দ্বারা অনেকে হেনেস্তার স্বীকার হয়েছে। সোর্স দ্বারা অভিযান পরিচালনা করা উচিত নয়। সোর্সদের অপতৎপরতা বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানান। | ১) সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বিষয়টি যাচাই করে ব্যবস্থা নেবেন। | ১) সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, নাটোর। |
| | | তিনি জানান হেফাজত ইসলামের ব্রাক্ষনবাড়ীয়ার তান্ডব দেশের মানুষের মনে ভীতি সৃষ্টি করেছে। স্বাধীনতা বিরোধী একটি চক্র এ তান্ডবে মদদ দিয়েছে। উক্ত চক্রটি অনলাইনে বিভিন্নভাবে গুজব ছড়াচ্ছে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কর্তৃক মনিটর করার জন্য অনুরোধ জানান। | নাশকতা সৃষ্টিকারীদের কর্মকান্ডের প্রতি নজরদারি অব্যাহত রাখতে হবে। | পুলিশ সুপার, নাটোর। |
| | | ২) সভাপতি, ইউনাইডেট প্রেসক্লাব জানান আমরা সকলে সচেতন হলে করোনার আজকের পরিস্থিতি তৈরি হত না। সর্বস্তরের মানুষের করোনা বিষযে সচেনতা বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | ২) করোনা প্রতিরোধে সচেনতামূলক কর্মকান্ড বৃদ্ধি করতে হবে। | ২) সংশ্লিষ্ট সকল |
| | | ৩) সভাপতি, নাটোর প্রেসক্লাব জানান জেলা প্রশাসন ও পুলিশ বিভাগ প্রতিরোধমূলক কাজ করায় নাটোর শহরের সন্ধ্যায় পর লোকজন ঘর থেকে বের হচ্ছে না। মার্কেটগুলোতে সচেনতা আরো বাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ | ৩) মার্কেটগুলিতে স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে। | ৩)অতিরিক্ত জেলা ম্যাজিস্টেট/উপজেলা নির্বাহী অফিসার, সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৪) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নলডাঙ্গা জানান করোনার টিকা নেয়ার জন্য নতুন রেজিস্ট্রেশন করে তারা যেন সংক্রমিত না হয় এবং টিকা যথা সময়ে পায় তা নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | ৪) করোনার টিকা নেয়ার রেজিস্ট্রেশন প্রাপ্তদের টিকা প্রদান নিশ্চিত করতে হবে। | ৪) সিভিল সার্জন, নাটোর। |
| | | ৫) কোম্পানী কমান্ডার, র‌্যাব-৫, নাটোর জানান পবিত্র রমজানে নিত্যপণ্যদ্রব্যের মূল্য নিয়ন্ত্রণে টিসিবি এর ভূমিকা অপরিসীম। টিসিবির প্রতিদিন সর্বোচ্চ চিনি ৭০০ কেজি, মসুর ডাল ২৫০ কেজি, সয়াবিন বা পাম ওয়েল ১০০০-১২০০ কেজি বিক্রয় করার মহামান্য হাইকোর্টের নির্দেশনা রয়েছে। এর চেয়ে বেশী বিক্রয় করা হলে তা খোলা বাজারে চলে যায়। এটি যেন না হয়। টিসিবি পণ্য বিক্রয়ের শুরুতে কি পরিমাণ বরাদ্দ এসেছে এবং তা সঠিক পদ্ধতিতে বিক্রয় হচ্ছে কিনা তা মনিটর করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | ৫) টিসিবি পণ্য সঠিক পদ্ধতিতে বিক্রয় হচ্ছে কিনা তা মনিটর করতে হবে। | ৫) অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), নাটোর/ উপজেলা নির্বাহী অফিসার, সকল। |
| | | ৬) জনাব মোঃ আহাদ আলী সরকার, সাবেক এম,পি ও প্রতিমন্ত্রি, নাটোর জানান করোনাকালীন সময়ে জুম কানেকশনে ঘরে বসে আইনশৃঙ্খলা সভায় যোগদান করতে পারছি। এ জন্য মাননীয় প্রধানমন্ত্রী ও তথ্য প্রযুক্তি উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ জয় মহোদয়কে ধন্যবাদ প্রদান করেন। তিনি করোনা বিস্তার রোধে স্বাস্থ্য বিধি পরিপালনে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ জানান। | ৬) করোনা বিস্তার রোধে স্বাস্থ্যবিধি পরিপালনে সকলকে এগ্রিয়ে আসতে হবে। | ৬) সংশ্লিষ্ট সকল |
| | | ৭) সিভিল সার্জন, নাটোর জানান ১০.০৪.২০২১ তারিখে ১,৮১৮ জন করোনা টিকা গ্রহণ করেছে। ৩৩০০০ ডোজ করোনার টিকা মজুদ আছে। করোনা ২য় ডোজ টিকা গ্রহণের ১৪ দিন পর ইমোনাইজ হবে ধরে নেয়া যেতে পারে। আজ ১৩ জন করোনা আক্রান্ত হয়েছে । আক্রান্তের হার ৩৭%। এ অবস্থায় থেকে পরিত্রান পাওয়ার জন্য ১০০% মাস্ক পরিধানসহ স্বাস্থ্য বিধি পরিপালনের কোন বিকল্প নেই।<br><br>তিনি আরো জানান এবার করোনা ধরন পরিবর্তন করে সংক্রমন করছে। ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ৪০ জন বাচ্চা করোনা পজিটিভ নিয়ে ভর্তি আছে। অতিরিক্ত করোনা আক্রান্ত রোগীর চিকিৎসার জন্য নাটোর আধুনিক সদর হাসপাতালে বেড স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। | ৭) ঐ | ৭) উপজেলা অফিসার নির্বাহী অফিসার, নাটোর। |
| | | ৮) পুলিশ সুপার, নাটোর জানান করোনাকালীন সময়ে নারী ও শিশু নির্যাতন মামলা বেড়েছে। ছোট ঘটনা ঘটলেও থানায় মামলা রেকর্ড করা হচ্ছে। ছোট ঘটনা পরবর্তীতে বড় অপরাধে পরিণত হয়। পাশাপাশি মাদক মামলা বৃদ্ধি পেয়েছে। নাটোর শহরে ১০ লক্ষ্য টাকার ব্যাটারী ডাকাতির সাথে জড়িত আসামীদের গ্রেফতার করা হয়েছে । উক্ত | ৮) অপরাধ দমনের এ ধারা অব্যাহত রাখতে হবে। | ৮) পুলিশ সুপার, নাটোর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ডাকাতি করেছিল মূলে স্বীকারোক্তি প্রদান করেছে। এ ছাড়া হত্যা কান্ডে জড়িতদের গ্রেফতার করা হয়েছে। সার্বিকভাবে আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক রয়েছে। | | |
| | | তিনি জানান টিসিবির পণ্য পরিবহণ গাড়ীতে এবং টিসিবির পণ্য সরবরাহে কোন প্রকার স্বাস্থ্য বিধি পরিপালন করা হচ্ছে না । যথাযথভাবে স্বাস্থ্যবিধি পরিপালন করে টিসিবির পণ্য পরিবহণ ও সরবরাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানান। | যথাযথভাবে স্বাস্থ্যবিধি পরিপালন করে টিসিবির পণ্য পরিবহণ ও সরবরাহ করতে হবে। | উপপরিচালক, টিসিবি, রাজশাহী। |
| | | তিনি জানান আজকের আলোচনা ফলপ্রসু হয়েছে। বর্তমানে সর্বাধিক গুরুত্বপূর্ণ বিষয় হলো করোনা। করোনা সংক্রমনের উপযুক্ত জায়গা হাসপাতাল। সংক্রমনে এক বছরেও নাটোর আধুনিক সদর হাসপাতালকে করোনা চিকিৎসার জন্য প্রস্তুত করা যায়নি। নির্মানাধীন আধুনিক সদর হাসপাতাল এর একটি অংশ দ্রুত করোনা চিকিৎসার ব্যবহার উপযোগী করে বেড স্থাপনের জন্য সম্মিলিতভাবে পরিদর্শন করে সিদ্ধান্ত গ্রহণ করা হয় কিন্ত বাস্তবায়নের অগ্রগতি নেই। করোনা রোগীদের চিকিৎসা প্রদানের জন্য সদর হাসপাতালের একটি ফ্লোর জরুরীভিত্তিতে ব্যবহার উপযোগী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | জরুরীভিত্তিতে নাটোর আধুনিক সদর হাসপাতালের নতুন নির্মিতব্য বিল্ডিং এর একটি ফ্লোর ব্যবহার উপযোগী করার মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | নির্বাহী প্রকৌশলী গণপূর্ত, নাটোর। |
| | | ৯) সভাপতি মহোদয় বলেন, নাটোর আধুনিক সদর হাসাপাতাল এর নির্মাণ অগ্রগতি নেই। করোনা সংক্রমণের হার দিন দিন বৃদ্ধি পাচ্ছে। সার্বিক বিবেচনায় হাসপাতালটির নির্মাণ দ্রুত সম্পন্ন হওয়া আশু প্রয়োজন। | ৯) উন্নয়ন সমন্বয় মিটিং-এ বিস্তারিত আলোচনান্তে হাসপাতাল নির্মাণকাজ দ্রুত সমাপ্তির জন্য সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯) সিভিল সার্জন, নাটোর/ অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নাটোর। |
| | | সভাপতি বলেন করোনা পরিস্থিতির অবনতি কারণে জুম কানেকশনে সভা অনুষ্ঠিত হচ্ছে। সকলের সম্মিলিত প্রচেষ্টার জন্য অপরাধ কম । অধিক সংখ্যক মানুষ কর্মহীন ও বাসায় বসে থাকায় ধর্ষণ ও নারী নির্যাতন সংক্রান্ত অপরাধ হচ্ছে। কোন অপরাধের খবর পাওয়া মাত্র তাৎক্ষনিক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। ছেলে মেয়েরা কোন ভাবেই আবেগের বশবর্তী হয়ে কোন অপরাধ করা বা ভিকটিমের স্বীকার না হয় সে ব্যাপারে অভিভাবক ও শিক্ষকগণকে তাদের উদ্বুদ্ধ করতে হবে। | আবেগের বশবর্তী হয়ে ছেলে মেয়েরা কোন অপরাধ বা ভিকটিমের স্বীকার না হয় সে ব্যাপারে অভিভাবক ও শিক্ষকগণ উদ্বুদ্ধ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | জেলা শিক্ষা অফিসার, নাটোর। |
| | | সভাপতি বাল্যবিবাহ বিষয়ে বলেন অপ্রাপ্ত বয়স্ক ছেলে ও মেয়ে শারিরীক ও মানসিকভাবে দায়িত্ব পালনে উপযোগী হয় না। এছাড়াও অপ্রাপ্ত বয়স্ক মা সুস্থ ও সবল বাচ্চা জন্ম দিতে পারে না। বাল্য বিবাহে কুফল বিভিন্ন সামাজিক নিরাপত্তা | বাল্য বিবাহের কুফল বিভিন্ন সামাজিক নিরাপত্তা কর্মসূচি প্রদান কালে আলোচনা করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার(সকল)/ উপপরিচালক, মহিলা বিষয়ক কর্মকর্তা, নাটোর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কর্মসূচি প্রদান কালে আলোচনা করলে তার সুফল পাওয়া যাবে। বাল্য বিবাহ বন্ধে উপজেলা নির্বাহী অফিসার, গুরুদাসপুর বরাবর ভাল ভূমিকা পালন করে । তাঁর নিকট থেকে কৌশলগুলি জেনে প্রয়োগ করার জন্য নির্দেশ প্রদান করেন। | | |
| | | সভাপতি বলেন জনসাধারণকে শান্তিতে রাখার উদ্দেশ্য আইন প্রয়োগ করা হয়। শহরের বিভিন্ন দোকানে চোরাই ও ট্যাক্স বিহীন পণ্য বিক্রয় হয় । মাদকসহ এ বিষয়ে উপর টাস্কফোর্স অভিযান পরিচালনা করার জন্য নির্দেশ প্রদান করেন। টাস্কফোর্স অভিযানে সকলকে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানান। | টাস্কফোর্স অভিযান বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হলো। | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নাটোর। |
| | | তিনি বলেন আত্রাই নদীর তলদেশ ঢালাই করে সুতিজাল স্থাপনের উপযোগী করা হয়। তাছাড়া নদীতে পাঁকা খুঁটি বসায়ে সুতি জাল টাঙ্গানো হয়। এতে বর্ষা মৌসুমে খাল বিলের পানি প্রবাহে বাধাপ্রাপ্ত হয়। এ বিষয়ে এখন থেকে তৎপর হওয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসার নলডাঙ্গা/ সিংড়া/গুরুদাসপুরকে নির্দেশ প্রদান করেন। | সুতিজাল স্থাপনকল্পে সকল স্থাপনা অপসারণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার নলডাঙ্গা/ সিংড়া/গুরুদাসপুর |
| | | তিনি বলেন পবিত্র রমজান মাসে দ্রব্য মূল্যে বৃদ্ধির প্রবণতা আছে । তাছাড়া লক ডাউনেও দ্রব্য মূল্যে বৃদ্ধি পায়। দ্রব্য মূল্য যেন স্থিতিশীল থাকে সেদিকে নজর রাখতে হবে। | পবিত্র রমজান মাস ও লক ডাউনে দ্রব্য মূল্য স্থিতিশীল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার,সকল/বাজার নিয়ন্ত্রণ কর্মকর্তা, নাটোর। |
| | | তিনি বলেন গুজব আইনশৃঙ্খলা বিনষ্ট করার একটি বড় মাধ্যম। কোন লোক বা গোষ্ঠি যাতে গুজুব সৃষ্টি করে আইনশৃঙ্খলা বিনষ্ট করতে না পারে সেদিকে নজর রাখতে হবে। | গুজব ছড়ানো রোধ এবং ছড়ালে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পুলিশ সুপার, নাটোর/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নাটোর |

জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সকলকে তৎপর থাকাসহ যথাযথভাবে দায়িত্ব পালনের জন্য অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২০.০৪.২১

( মোঃ শাহরিয়াজ পিএএ )
জেলা ম্যাজিস্ট্রেট
ও
সভাপতি
জেলা আইনশৃঙ্খলা কমিটি, নাটোর

২০/৪/২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
( জুডিশিয়াল মুন্সিখানা )
www.natore.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৬৯০০.০১২.০৬.০০৬.১৯৫১৬(৬০)

তারিখঃ ০৭ বৈশাখ, ১৪২৭ বঙ্গাব্দ
২০ এপ্রিল,২০২১ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে:**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে:**

মাননীয় সংসদ সদস্য, সকল-------------------, নাটোর ও উপদেষ্টা জেলা আইনশৃঙ্খলা কমিটি, নাটোর।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

৭.পুলিশ সুপার, নাটোর।
৮. সিভিল সার্জন, নাটোর ।
৯. উপপরিচালক, স্থানীয় সরকার, নাটোর।
১০. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নাটোর
১১. নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, নাটোর।
১২. অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক/রাজস্ব), নাটোর।
১৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ..........................................................(সকল), নাটোর।
১৪. উপজেলা নির্বাহী অফিসার, ..................................................................(সকল), নাটোর।
১৫. মেয়র,..............................পৌরসভা, উপজেলা:......................, জেলা-নাটোর
১৬. জনাব.............................................................................................., নাটোর।
১৭. প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর। (কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।)

(রহিমা খাতুন)
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
নাটোর
ফোন: ০৭৭১-৬৬৮২৮